

B.A. Semester-V Examination, 2022-23**MUSIC [Honours]****Course ID : 50516 Course Code : AH/MUS/503/DSE-1****Course Title : Concept of Music in Tagore Literature**

Time : 2 Hours

Full Marks : 40

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: $2 \times 5 = 10$
- ক) রবীন্দ্রনাথ রচিত প্রথম সংগীত বিষয়ক প্রবন্ধ কোনটি? এটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- খ) ‘কোমল গান্ধার’ ও ‘পঁচিশে বৈশাখ চলেছে’ — কবিতা দুটির কাব্যগ্রন্থের নাম লেখ।
- গ) ‘সংগীতের মুক্তি’ প্রবন্ধে উল্লিখিত যে-কোনো দুটি রবীন্দ্র-সংগীতের প্রথম চরণের উদাহরণ দাও।
- ঘ) ‘বন্দে বাল্মীকি কোকিলং’ - কে কাকে বলেছেন?
- ঙ) ‘পত্রপুট’ কবিতাটির রচনাকাল কত? রবীন্দ্রনাথ এটি কাকে উৎসর্গ করেছেন?
- চ) ‘আমার কাছে শুনতে চেয়েছ গানের কথা’— কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?
- ছ) ‘সকল প্রকার কথপকথনে দুইটি উপকরণ বিদ্যমান’ — এগুলি কি কি?

(পরপৃষ্ঠায়)

জ) ‘শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান’— প্রবন্ধটি কবে, কোথায় প্রথম পঠিত হয়?

- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $4 \times 8 = 32$
- ক) সভাস্থলে পঠিত প্রথম প্রবন্ধ (রবীন্দ্রনাথের) কোনটি? এটি রবীন্দ্রনাথ কত সালে এবং কার আমন্ত্রণে পাঠ করেন? এই সভার সভাপতি কে ছিলেন? প্রবন্ধটিতে উল্লিখিত বাউল গানটির প্রথম চরণের উল্লেখ কর। $1+1+1+1+1$
- খ) ‘পঁচিশে বৈশাখ চলেছে’ কবিতাটির মর্মার্থ বুঝিয়ে লেখ।
- গ) ‘গায়কেরা সংগীতকে যে আসন দেন, আমি সংগীতকে তদপেক্ষা উচ্চ আসন দিই’ — সংগীত রচনার ক্ষেত্রে রবীন্দ্রনাথের সঙ্গে উপরিউক্ত গায়কদের পার্থক্য কোথায়?
- ঘ) ‘কোমল গান্ধার’ কবিতায় কবি সংগীত সম্পর্কিত যে বিষয়টি তুলে ধরেছেন তার পরিচয় দাও।
- ঙ) ‘কাব্যকলা বা চিত্রকলা দুটি ব্যক্তিকে লইয়া ... গীতিকলায় আরো একজন প্রবেশ করিয়াছে।’ — গীতিকলার ক্ষেত্রে এই তৃতীয় জনের ভূমিকা ঠিক কি রূপ তা ‘সংগীতের মুক্তি’ প্রবন্ধে অবলম্বনে বুঝিয়ে লেখ।
- চ) ‘শোনা’ প্রবন্ধটি কবে, কোথায় পঠিত হয়েছিল? এই প্রবন্ধের বক্তব্য বিষয় সংক্ষেপে লেখ।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) “আমাদের সংস্কৃত ভাষা যে রূপ মৃতভাষা, আমাদের সংগীতশাস্ত্র সেইরূপ মৃতশাস্ত্র।”— এটি কোন প্রবন্ধের অন্তর্গত? কী পরিপ্রেক্ষিতে রবীন্দ্রনাথের এই উক্তি? প্রবন্ধটি অবলম্বনে আলোচনা কর। $১ + ৯ = ১০$

খ) ‘সংগীতের মুক্তি’ প্রবন্ধে সংগীতের যে সব দিকে কবি আলোকপাত করেছেন তা আলোচনা কর। ১০

—————